# দৈনিক ইত্তেফাক

175

তারিখ ... ... AUG 18 1999 ..
পৃষ্ঠা ১ ... কলাম ৫ ....

## লক্ষ্মীপুরে ছাত্রলীগ ও ছাত্রশিবির কর্মীদের সংঘর্ষে নিহত ১ ॥ আহত ৩০

লক্ষ্মীপুর সংবাদদাতা ॥ গতকাল মঙ্গলবার দুপুরে স্থানীয় গরুহাট্টায় ছাত্রলীগ ও ছাত্রশিবির কর্মীদের মধ্যে এক সংঘর্ষে ১ জন নিহত ও এসএম নূরুল হুদা নামে পুলিশের ১ জন ওসিসহ উভয়পক্ষের ৩০ জন আহত হয়। আহতদের মধ্যে ১২/১৩ জনের অবস্থা গুরুতর। তাহাদের মধ্যে কয়েকজনকে লক্ষ্মীপুর ও নোয়াখালী হাসপাতালে ভর্তি করা ও ২ জনকে ঢাকায় পাঠান হইয়াছে। নিহত জাহিদুর রহমান সালমান (১৬) শিবির কর্মী। গুরুতর আহত অবস্থায় তাহাকে নোয়াখালী জেনারেল হাসপাতালে পাঠান হইলে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## লক্ষ্মীপুরে

(প্রথম পৃষ্ঠার পর)

সেখানে সে মারা যায়। জানা গিয়াছে, একটি সাইকেল চুরিকে কেন্দ্র করিয়া গতকাল সকালে শিবির কর্মীরা শহরে একটি বিক্ষোভ মিছিলশেষে ফিরিয়া যাওয়ার সময় জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মীর মোফাজ্জেল হোসেন জুয়েল ও নজরুল ইসলাম ভুলুকে ধরিয়া নিয়া যায়। এই খবর ছড়াইয়া পড়িলে তাহাদের উদ্ধারের জন্য ছাত্রলীগের কর্মীরা ঐ স্থানে শিবির কর্মীদের উপর হামলা চালায় ও আটককৃত ২ জনকে উদ্ধার করে। এই সময় উভয়দলের কর্মীদের মধ্যে তুমুল সংঘর্ষ বাধে। সংঘর্ষকালে উভয়পক্ষ বন্দুক ও কাটা রাইফেল ব্যবহার ও ৩০/৩৫ রাউন্ড গুলী ছোঁড়ে। খবর পাইয়া পুলিশ ঘটনাস্থলে হাজির হয় ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিতে ৬ রাউন্ড ফাঁকা গুলী ও টিয়ার গ্যাস ছোঁড়ে। ওসি ইট-পাটকেলের আঘাতে আহত হন। শহরে উত্তেজনা বিরাজ করিতেছে। পুলিশ টহল দিতেছে।